

## পিকেএসএফ-এর সহযোগী সংস্থা ও গ্রাহক পর্যায়ে আর্থিক লেনদেন 'Bangla QR' কোডের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে গ্রাহক পর্যায়ে প্রস্তুতি ও করণীয়

- ১) 'বাংলা কিউআর (Bangla QR)' কোড স্ক্যান করে লেনদেন সম্পন্ন করার জন্য গ্রাহক বা গ্রাহকের পরিবারের কোনো একজন সদস্যের স্মার্ট ফোন থাকার প্রয়োজন হবে।
- ২) সদস্য/গ্রাহকের নিজ নামে ব্যাংক অথবা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS)-এ অ্যাকাউন্ট থাকার প্রয়োজন হবে।
- ৩) ব্যাংক অথবা MFS প্রদানকারী প্রতিষ্ঠান হতে গ্রাহকের MFS অথবা ব্যাংক অ্যাকাউন্টের 'বাংলা কিউআর (Bangla QR)' কোড সংগ্রহ করতে হবে। প্রাপ্ত QR কোডটি ইমেজ/ছবি আকারে থাকবে।



চিত্রঃ নমুনা QR কোড

- ৪) 'বাংলা কিউআর (Bangla QR)' প্রাপ্তির জন্য সাধারণত গ্রাহকের পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি, ঠিকানা প্রমাণ (যেমন বিদ্যুৎ/গ্যাস ইত্যাদি বিল), প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড লাইসেন্স, TIN certificate ইত্যাদি প্রয়োজন হয়। এছাড়া নমিনির পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি প্রয়োজন হয়।
- ৫) QR কোড প্রাপ্তির পর ব্যাংক অথবা MFS প্রতিষ্ঠান হতে প্রদত্ত QR কোডের প্রিন্ট কপি সংরক্ষণ করা এছাড়া সফটকপি ইমেজ আকারে স্মার্ট ফোনে সংগ্রহ করা যেতে পারে।
- ৬) গ্রাহক যে ব্যাংক অথবা MFS প্রতিষ্ঠানের অ্যাকাউন্টের অনুকূলে QR কোড সংগ্রহ করেছেন সেই প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন সংক্রান্ত মোবাইল অ্যাপটি গ্রাহকের নিজস্ব (নিজের বা পরিবারের কারো) মোবাইলে ইন্সটল করতে হবে এবং গ্রাহক কর্তৃক অ্যাপটিতে লগ ইন করতে পারার বিষয়টি নিশ্চিত হতে হবে।
- ৭) ঋণের কিস্তি ফেরত ও সঞ্চয়ের কিস্তি জমার ক্ষেত্রে গ্রাহকের সংশ্লিষ্ট অ্যাকাউন্টে পর্যাপ্ত ব্যালেন্স থাকার প্রয়োজন হবে।
- ৮) আর্থিক লেনদেনের (জমা,উত্তোলন) ক্ষেত্রে গ্রাহককে নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করার প্রয়োজন হবে:
  - ৮.১ ব্যাংক অথবা MFS প্রতিষ্ঠানের মোবাইল অ্যাপে লগইন করতে হবে।
  - ৮.২ সহযোগী সংস্থার মাঠ পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শাখা অফিসের ব্যাংক অথবা MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট 'বাংলা কিউআর (Bangla QR)' কোড প্রদর্শন করবেন।
  - ৮.৩ উক্ত মোবাইল অ্যাপ্লিকেশনে কিউআর কোড স্ক্যান করার অপশনটি খুঁজে বের করে সংশ্লিষ্ট আইকনে ট্যাপ করবেন।
  - ৮.৪ গ্রাহক সংস্থার শাখা অফিসের ব্যাংক অথবা MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট 'বাংলা কিউআর (Bangla QR)' কোড স্ক্যান করবেন।
  - ৮.৫ স্ক্যান করার পর মোবাইল অ্যাপ্লিকেশনে গ্রাহক সংস্থার শাখা অফিসের ব্যাংক অথবা MFS অ্যাকাউন্ট সংশ্লিষ্ট প্রোফাইলের তথ্য যাচাই করে কিস্তির পরিমাণ সঠিকভাবে পূরণ করবেন।
  - ৮.৬ গ্রাহক পিন, পাসওয়ার্ড বা বায়োমেট্রিক-এর মাধ্যমে নিরাপত্তা যাচাই করবেন।
  - ৮.৭ গ্রাহক লেনদেন সম্পন্নকরণের লক্ষ্যে OK বাটনে ট্যাপ করবেন।

৯) ঋণের টাকা গ্রহণ, কিস্তি ফেরত, সঞ্চয় জমা, সঞ্চয় ফেরত ইত্যাদি লেনদেন সংক্রান্ত তথ্যাদি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত ধাপসমূহ বিবেচনা করতে হবে:

৯.১ মোবাইলে প্রেরিত স্কুদে বার্তা দেখে সফল লেনদেন সম্পন্ন হওয়ার বিষয়টি নিশ্চিত হতে হবে।

৯.২ বিকল্প হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক অথবা MFS-এর অ্যাপ ব্যবহার করে অ্যাকাউন্টের বিদ্যমান ব্যালেন্স যাচাই করে নেয়া যেতে পারে।

৯.৩ সংস্থার শাখা ব্যবস্থাপক/ ক্রেডিট অফিসারের মাধ্যমে পাশ বইতেও তথ্য হালনাগাদ করা হয়েছে কিনা তা যাচাই করা যেতে পারে।

১০) সাবধানতা:

১০.১ ‘বাংলা কিউআর (Bangla QR)’ কোড ভিত্তিক লেনদেনের ক্ষেত্রে সংশ্লিষ্ট পিন, পাসওয়ার্ড ব্যাংক, MFS, সহযোগী সংস্থার শাখা ব্যবস্থাপক/ ক্রেডিট অফিসার অথবা অন্য কারো সাথে শেয়ার করা যাবে না।

১০.২ লেনদেনের সময় পিন কোড অথবা পাসওয়ার্ড প্রদানের সময় গোপনীয়তা অবলম্বন করতে হবে।

১০.৩ লেনদেনের পরিমাণ এন্ড্রির ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে।

১১) জরুরি যোগাযোগ:

১১.১ ঋণের টাকা গ্রহণ, কিস্তি ফেরত, সঞ্চয় জমা, সঞ্চয় ফেরত ইত্যাদি লেনদেন সংক্রান্ত বিষয়ে কোনো সমস্যার সম্মুখীন হলে বা লেনদেন সংক্রান্ত সাহায্যের প্রয়োজন হলে সংস্থার মাঠ পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে অথবা সহযোগী সংস্থা কর্তৃক প্রদত্ত হেল্প লাইন নম্বরে যোগাযোগ করতে হবে।

১১.২ ‘বাংলা কিউআর (Bangla QR)’ সংক্রান্ত কোনো সমস্যার সম্মুখীন হলে বা লেনদেন সংক্রান্ত সাহায্যের প্রয়োজন হলে ব্যাংক অথবা MFS প্রদানকারীর সংশ্লিষ্ট শাখা বা Customer Care এ যোগাযোগ করতে হবে।